

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৪৭০(আগরতলা,০৬।০৩)

অমরপুর, ০৬ মার্চ, ২০১৯

অমরপুরে বাইসাইকেল বিতরণ

অমরপুর দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের মাঠে গত ৩ মার্চ এক সংক্ষিপ্ত অনুষ্ঠানের মধ্য দিয়ে মহকুমার নবম শ্রেণীর ছাত্রীদের মধ্যে বাইসাইকেল বিতরণ করা হয়েছে। মহকুমার ১০টি বিদ্যালয়ের ২৮০ জন ছাত্রীদের এদিনের অনুষ্ঠানে বাইসাইকেল বিতরণ করা হয়। অনুষ্ঠানের উদ্বোধন করেন বিধায়ক রঞ্জিত দাস। তিনি শিক্ষা ক্ষেত্রে মেয়েদের এগিয়ে যাবার পরামর্শ দেন। অনুষ্ঠানে অমরপুর বি এ সি'র চেয়ারম্যান সঞ্জয় জমাতিয়া, অমরপুর নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন তরুণ চক্রবর্তী, রাষ্ট্রপতি পুরস্কার প্রাপ্ত প্রাক্তন শিক্ষক পরিমল দাস সহ সংশ্লিষ্ট বিদ্যালয়ের শিক্ষক শিক্ষিকাগণ উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*